



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh.

নং এসইসি/এনফোর্সমেন্ট/৪৩৫/২০০৬/৭ ৫৭

তারিখঃ অক্টোবর ০৮, ২০২০ ইং

আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক লেক্সো লিমিটেড 'issuer' হিসাবে অভিহিত (অতঃপর 'ইস্যুয়ার' বলে DwjowLZ);

যেহেতু, লেক্সো লিমিটেড ৩০ জুন ২০১৮ এবং ২০১৯ এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী Securities and Exchange Rules, 1987 এর Rule 12, Sub-rule (3A) মোতাবেক প্রস্তুতপূর্বক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অতঃপর 'কমিশন' বলে উল্লিখিত), স্টক এক্সচেঞ্জ ও শেয়ার হোল্ডারদের নিকট ১৩৪ দিন এর মধ্যে দাখিল করতে বাধ্য এবং যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, উক্ত Ordinance এর Section 2CC এর অধীন জারীকৃত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের Notification No. SEC/CMRRCD/2009-193/188/Admin/69 dated September 7, 2016 যা Notification No. SEC/CMRRCD/2006-158/208/Admin/81 dated June 20, 2018 দ্বারা সংশোধিত এর শর্তানুসারে লেক্সো লিমিটেড ৩০ সেপ্টেম্বর ২০১৮ ও ৩০ সেপ্টেম্বর ২০১৯ এ সমাপ্ত ১ম প্রান্তিকের ত্রৈ-মাসিক এবং ৩১ মার্চ ২০১৯ এ সমাপ্ত ৩য় প্রান্তিকের ত্রৈ-মাসিক হিসাব বিবরণী প্রস্তুতপূর্বক কমিশন ও স্টক এক্সচেঞ্জে ৪৫ দিন এর মধ্যে দাখিল করতে বাধ্য এবং যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, ইস্যুয়ার কর্তৃক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কমিশন কর্তৃক ১১ ফেব্রুয়ারী ২০২০ তারিখের এসইসি/এনফোর্সমেন্ট/৪৩৫/২০০৬/১০৩ নম্বর স্মারকমূলে ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক সহ অন্যান্য পরিচালকগণ এবং কোম্পানী সচিবকে নির্ধারিত তারিখে উক্ত ব্যর্থতার কারণ প্রদর্শন সহ শুনানীতে উপস্থিত হতে বলা হয়, সংশ্লিষ্টরা উক্ত শুনানীতে ৯ মার্চ ২০২০ উপস্থিত হতে ব্যর্থ হন;

যেহেতু, লেক্সো লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানী এবং তার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানীর প্রতিনিধিত্বকারী যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনের জন্য দায়ী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানীতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু বর্ণিত ইস্যুয়ার কর্তৃক হিসাব বিবরণীসমূহ দাখিল না করার ফলে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানীতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃঙ্খলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, উক্ত ইস্যুয়ার একটি পাবলিক লিমিটেড কোম্পানী, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানীর প্রতিনিধিত্বকারী তারা প্রত্যেকে উল্লিখিত কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারীকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ; এবং

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh.


পৃষ্ঠা-০২

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ার কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানি সচিবসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতীত) জরিমানা করা প্রয়োজন ও সমীচীন; এবং

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে:

লেক্সো লিমিটেড এর চেয়ারম্যান, জনাব এম.এ.কাদের, ব্যবস্থাপনা পরিচালক জনাবা সুলতানা বেগম পরিচালক জনাবা রেজিয়া বেগম, পরিচালক জনাব যাকারিয়া এবং কোম্পানি সচিব জনাবা কহিনুর আক্তার প্রত্যেকের এর উপর পৃথক পৃথক ভাবে ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করল যা অত্র আদেশ জারীর ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,


06/10/2020

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণঃ

- ১ জনাব এম. এ. কাদের, চেয়ারম্যান, লেক্সো লিমিটেড, ১৪৬, হাজারিবাগ, ঢাকা-১২০৯।
- ২ জনাবা সুলতানা বেগম, ব্যবস্থাপনা পরিচালক, ১৪৬, হাজারিবাগ, ঢাকা-১২০৯।
- ৩ জনাবা রেজিয়া বেগম, পরিচালক, ১৪৬, হাজারিবাগ, ঢাকা-১২০৯।
- ৪ জনাব যাকারিয়া, পরিচালক, ১৪৬, হাজারিবাগ, ঢাকা-১২০৯।
- ৫ জনাবা কহিনুর আক্তার, কোম্পানি সচিব, ১৪৬, হাজারিবাগ, ঢাকা-১২০৯।